

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

## ঢাকা কমার্স কলেজে দিনব্যাপী সেমিনার ছাত্ররাজনীতির নামে রাজনীতিবিদরা সন্ত্রাসকে প্রশ্রয় দিচ্ছেন

কমার্শ প্রতিবেদক : দেশে প্রচলিত পচাংপদ শিক্ষানীতির কারণেই আজ নকল ও সন্ত্রাস শিক্ষারনে শেকড় গেড়ে বসেছে। ছাত্ররাজনীতির নামে রাজনীতিবিদরা যেমন সন্ত্রাসকে প্রশ্রয় দিচ্ছেন তেমনি শিক্ষকরাও রাজনীতিতে জড়িয়ে পড়ে কলুষিত করছেন শিক্ষারনের পরিবেশ। ফলে জাতির রক্তে রক্তে আজ ঢুকে পড়েছে সন্ত্রাস ও দুর্নীতি। শিক্ষারনে পরীক্ষার নামে চলছে নকলের মহোৎসব।

ঢাকা কমার্স কলেজ আয়োজিত 'নকল ও সন্ত্রাসমুক্ত শিক্ষারনে' শীর্ষক দিনব্যাপী এক সেমিনারে শিক্ষা প্রতিমন্ত্রী আলহাজ্ব আনাম আহমেদ এম এছানুসুল হক এ কথা বলেন। গতকাল মঙ্গলবার ঢাকা কমার্স কলেজের কনফারেন্স কক্ষে সেমিনারটির উদ্বোধন অনুষ্ঠানে তিনি আরো বলেন, শিক্ষকদের রাজনীতির সুযোগ করে দেওয়ার জন্যই গত ৫ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সঙ্গীত ও নাট্যকলা, উইমেনস স্টাডিজের মতো অপ্রয়োজনীয় কিছু বিষয় চালু করা হয়েছে। এসব বিভাগের শিক্ষার্থীরাই গাঁজা খেয়ে টিএসসিতে ঘুরে বেড়ায়। সংস্কৃতি চর্চার নামে বেলেচাপনা করে।

আয়োজক কলেজের অধ্যক্ষ প্রফেসর কাজী মোঃ নুরুল ইসলাম ফারুকীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দৈনিক প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান। স্বাগত ও আহ্বায়কের বক্তব্য রাখেন, মহাক্রমে কলেজের উপাধ্যক্ষ (প্রশাসন) প্রফেসর মিঞা লুৎফুর রহমান ও জুয়াল বিভাগের চেয়ারম্যান মাওসুফা তেরদৌলী।

সেমিনারের প্রথম অধিবেশনের মূল প্রবন্ধ পাঠ করেন আয়োজক কলেজের ইংরেজি বিভাগের সহকারী

আবদুল কাইয়ুম। প্রবন্ধে বলা হয়, দেশের শিক্ষারনেগুলোতে নকল ও সন্ত্রাস প্রায় তিন দশকেরও বেশি সময় ধরে চলমান। ছাত্ররাজনীতিবিদদের সহিংসতা শিক্ষারনকে যেমন কলুষিত করে তুলেছে, তেমনি পাবলিক পরীক্ষাগুলোতে নকলের প্রবণতা বছরের পর বছর বেড়েই চলেছে। অথচ নকল ও সন্ত্রাসমুক্ত শিক্ষারন কখনই দলীয় রাজনীতির ইস্যু হতে পারে না। কারণ এক সঙ্গে আমাদের উবিধাৎ প্রজন্মের বর্তমান-ভবিষ্যৎ জড়িত। তিনি প্রবন্ধে নকল ও সন্ত্রাসমুক্ত শিক্ষারন গড়ে তোলার জন্য দলমত নির্বিশেষে দেশের সকলকে কাঁচ করার আহ্বান জানান।

সেমিনারটির প্রথম অধিবেশনের সভাপতিত্বে করেন আয়োজক কলেজের উপাধ্যক্ষ (একাডেমিক) প্রফেসর মোঃ মতিউর রহমান এবং প্রধান আলোচক হিসেবে আলোচনা করেন এনসিটিবি-এর সাবেক চেয়ারম্যান প্রফেসর মোঃ আলী আজম। ঢাকা কমার্স কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মিঞা লুৎফুর রহমানের সভাপতিত্বে দ্বিতীয় অধিবেশনে প্রবন্ধের ওপর মূল আলোচনা করেন দারুল এহসান ইউনিভার্সিটির কলা অনুষদের ডিন প্রফেসর সদরুলক্বিন আহমেদ।

সেমিনারের আলোচ্য বিষয়ের ওপর আলোচনা করেন অধ্যক্ষ প্রফেসর কাজী মোঃ নুরুল ইসলাম ফারুকী। এছাড়াও রাজধানীর বেশ কয়েকটি কলেজের শিক্ষকরাও পৃথিক প্রবন্ধের ওপর আলোচনায় অংশ নেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে শিক্ষা প্রতিমন্ত্রী কলেজের বার্ষিক অভ্যন্তরীণ উন্নয়ন প্রতিবেদন প্রস্তুত করার মাঝে পেনসনের সিদ্ধান্তের জারতন।